# ট্রান্সওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেন্ডার, অগাস্ট ২০২৪।

**১. চিহ্ন –** প্রিয়তম খ্রীষ্ট, আপনার উপর নির্ভর করতে আমাকে কত কঠিন সময়ের মধ্যে দিয়ে যেতে হয়। অনেক সময়ে আমার মনে হয় যে আশ্বস্ত হতে আমার একটা চিহ্নের প্রয়োজন আছে, কিন্তু সব থেকে মহৎ চিহ্ন – আপনার মৃত্যু ও পুনরুত্থান তো আমি ইতিমধ্যে পেয়ে গেছি। ক্রুশ আমাদের দেখায় যে আপনি প্রেমময়, আর পুনরুত্থান দেখায় যে আপনি শক্তিশালী। এইটুকু প্রমাণই আমার প্রয়োজন। (মথি ১২:৩৯-৪০)

**২. বিস্ময়জনক প্রেম ও অনুগ্রহ –** হে প্রভু, আমি আশ্চর্য্য হয়ে আপনাকে দেখি। আপনি যে প্রেম আমাকে দেখিয়েছেন, আর যে অনুগ্রহ আপনি আমার প্রতি প্রসারিত করেছেন, তা আমার বোধগম্যের বাইরে। আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করতে কেবল মাত্র ‘ধন্যবাদ’ বলা যথেষ্ট নয়। সুতরাং, আপনি যেমন আমার জন্য নিজেকে দান করেছেন, আমিও নিজেকে আপনার চরণে সমর্পণ করি। (মথি ১৬:২৪-২৫)

**৩. কবরপ্রাপ্ত ও উত্থাপিত –** প্রভু, আপনার আত্মবলিদান এবং মহান পুনরুত্থানের জন্য আপনার ধন্যবাদ করি। আপনার প্রশংসা করি পিতা, যে আপনার সাথে আমিও ক্রুশারোপিত হয়েছি। আমার পুরাতন সত্ত্বা কবরপ্রাপ্ত হয়েছে এবং শেষ হয়ে গেছে। খ্রীষ্টে আমার মধ্যে যে শক্তি আছে তার দ্বারা আমি উত্থাপিত হয়েছি যেন জীবনের নূতনতায় চলতে পারি। হাল্লিলূয়া! (রোমীয় ৬:৪)

**৪. জীবন জলের উৎস –** প্রেমময় প্রভু, আপনার আত্মার শক্তিকে আমার মধ্যে প্রভাবিত হওয়ার প্রয়োজন আমার আছে। আপনার আত্মাকে নিবারণ করার মতো আমার জীবনে যা কিছু থাকুক সেটা সরিয়ে নিন। আমি নিজেকে আপনার কাছে সমর্পণ করছি। আমি চাই যেন আপনি আমার জীবনকে সম্পূর্ণ ভাবে নিয়ন্ত্রণ করবেন আর আপনার আত্মায় পূর্ণ করবেন। আমার মধ্যে দিয়ে আপনি আপনার জীবনযাপন করবেন সেই বিষয় আপনার উপরে আমি নির্ভর করি। (যোহন ৭:৩৭-৩৮)

**৫. জ্যোতিতে চলা –** হে প্রভু, আমি যখন জীবন নির্বাহ করি, তখন অনেক সময়ে মনে হয় চারিদিকে কত অন্ধকার। আমি বুঝতে পারি না কোথায় যাবো বা কী করবো। কিন্তু আপনি বলেছেন যে আপনি জগতের জ্যোতি। সুতরাং আমার ইচ্ছা যে আমি আপনার অনুধাবন করবো, দৃশ্য দ্বারা নয়, কিন্তু বিশ্বাস দ্বারা চলবো। আমার জীবনে জ্যোতি প্রদান করার জন্য আপনাকে ধন্যবাদ দিই! (যোহন ৮:১২)

**৬. আপনার অধিকারকে অধিকার করুন –** হে ঈশ্বর, যেহেতু আমি খ্রীষ্টকে আমার প্রভু ও পরিত্রাতা রূপে গ্রহণ করেছি, আপনার আত্মা আমার মধ্যে বসবাস করেন। সুতরাং, আপনার জীবন এখন আমার অধিকার আর আমার দেহ হচ্ছে আপনার পবিত্র মন্দির। তাই, আপনার জীবনকে আমার জীবন বলে গ্রহণ করি। আমি আপনাকে আমার জীবনের সম্পূর্ণ অধিকার দিই। আমার মধ্যে দিয়ে আপনার জীবন নির্বাহ করুন। (ওবদিয় ১:১৭)

**৭. আনন্দদায়ক –** 'সমস্ত পৃথিবী! সদাপ্রভুর উদ্দেশে জয়ধ্বনি কর; সানন্দে সদাপ্রভুর সেবা কর; আনন্দগানসহ তাঁহার সম্মুখে আইস।' (গীতসংহিতা ১০০:১-২)। আমরা, কাজ পাগল লোকেরা, খুব সহজেই ভুলে যাই যে জীবন, কাজ এবং কার্যসিদ্ধির থেকে অনেক বেশী কিছু। আমাদের ঈশ্বর তাঁর নিজের জন্য আমাদের সৃষ্টি করেছিলেন এবং আমাদের মধ্যে আনন্দায়ক উপাসকের অন্বেষণ করছেন। তাঁকে সম্মান করতে আর তাঁর আরাধনা করতে সময় বার করুন।

**৮. সদাপ্রভুর প্রশংসা করুন –** 'শ্বাসবিশিষ্ট সকলেই সদাপ্রভুর প্রশংসা করুক।' (গীতসংহিতা ১৫০:৬)। প্রাচীনতম আরাধনা গ্রন্থের শেষ গীতে ঈশ্বরের লোকেরা ১৩ বার সদাপ্রভুর প্রশংসা করেছেন। আমি নিজেকে দোষী সাব্যস্ত করছি! বেশিরভাগ সময়েও আমাদের লক্ষ্য সর্বশক্তিমানের উপরে থাকে না। আপনিও কি লক্ষ্যভ্রষ্ট হচ্ছেন? এই উপদেশে মনোযোগ দিন এবং সদাপ্রভু যা, তার জন্য তাঁর প্রশংসা করুন।

**৯. একটি নূতন গীত –** 'তাঁহার উদ্দেশে নূতন গীত গাও, জয়ধ্বনিসহ মনোহর বাদ্য কর।' (গীতসংহিতা ৩৩:৩)। নুতন গান গাইতে দিন, আমাদের ঈশ্বরের উদ্দেশে প্রশংসা গীত এবং যীশু খ্রীষ্টে তাঁর আশ্চর্য্যজনক প্রেম যা আপনার জীবনের জন্য প্রেরণা হতে পারে তার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করুন। তাঁর মণ্ডলীর মধ্যে সচেতন ভাবে তাঁর আরাধনা করুন।

**১০. নৃত্য –** 'তাহারা নৃত্যযোগে তাঁহার নামের প্রশংসা করুক, তবল ও বীণাযোগে তাঁহার প্রশংসা গান করুক' (গীতসংহিতা ১৪৯:৩)। উপাসনার ধরণ আলাদা হতে পারে, কিন্তু আমাদের আনন্দ এবং ঈশ্বরের প্রতি ধন্যবাদ শ্রবণযোগ্য ও দৃশ্যমান হওয়া উচিৎ। প্রভুকে বিনতি করুন যাতে আপনি এমন একজন পুরুষ হতে পারেন যিনি তাঁর পরিত্রাতার প্রশংসা আনন্দ সহকারে করতে পারেন।

**১১. সর্বপ্রকার প্রাচুর্য্যময় অনুগ্রহ –** হে ঈশ্বর, আমার ক্ষমতা সীমিত, কিন্তু আপনার অনুগ্রহ অপরিসীম। বিশ্বাস দ্বারা খ্রীষ্টের সাথে সহভাগিতার কারণে সেই সর্বপ্রকার প্রাচুর্য্য আমার মধ্যে বাস করেন। আমার মধ্যে আপনার জীবন থাকার কারণে আমি প্রতিটি ভালো কাজের জন্য প্রচুর পরিমাণে সক্ষম হই। আপনার সর্বপ্রকার প্রাচুর্য্যময় অনুগ্রহের জন্য আপনার ধন্যবাদ করি!

**১২. দ্বাররক্ষক –** 'বরং আমার ঈশ্বরের গৃহের গোবরাটে দাঁড়াইয়া থাকা আমার বাঞ্ছনীয়, তবু দুষ্টতার তাম্বুতে বাস করা বাঞ্ছনীয় নয়।'(গীতসংহিতা ৮৪:১০)। দ্বাররক্ষকরা বিশ্বস্ত কর্মচারী ছিলেন যাঁরা সদাপ্রভুর গৃহে দ্বারসকল খোলা ও বন্ধ করতেন যাতে পবিত্র স্থানে অশুচির প্রবেশ না হতে পারে। পুরুষেরা, আপনারা নিজেদের এমন স্থানে দাঁড় করান যাতে লোকদের ঈশ্বরের কাছে আনতে পারেন।

**১৩. ঈশ্বরের গুপ্ত বিষয় –** 'নিশ্চয়ই প্রভু সদাপ্রভু আপনার দাস ভাববাদিগণের নিকটে আপন গূঢ় মন্ত্রণা প্রকাশ না করিয়া কিছুই করেন না।' (আমোষ ৩:৭)। পুরাতন নিয়মে ভাববাদীদের কাছে ঈশ্বর যেমন ভাবে নিজেকে প্রকাশ করেছিলেন, প্রভু যীশু তাঁর শিষ্যদের কাছে, তাঁর বন্ধুদের কাছে একই ভাবে সেই কাজ করেছিলেন (যোহন ১৫:১৫)। ঈশ্বরের বাক্যের এমন একজন পুরুষ হন যিনি তাঁর গুপ্ত বিষয়গুলি শুনতে এবং বুঝতে পারেন।

**১৪. সদাপ্রভুর পাত্র –** 'হে সদাপ্রভুর পাত্রবাহকগণ, তোমরা বিশুদ্ধ হও।' (যিশাইয় ৫২:১১)। খ্রীষ্টান, পুরুষ ও মহিলারা যারা যীশুর অনুসারী হওয়া বেছে নিয়েছেন, তাঁদেরকে পৃথিবীর লবন এবং জগতের জ্যোতি বলা হয়। পুরুষেরা, পবিত্র আত্মাকে আপনাকে পরিষ্কৃত করতে দিতে এবং আপনার ইচ্ছাকে সম্পূর্ণ ভাবে প্রভু যীশুর চরণে সমর্পণ করতে দিতে নিজেকে প্রস্তুত করুন।

**১৫. আত্মবিশ্বাস –** 'হে প্রভু, শুন; হে প্রভু, ক্ষমা কর; হে প্রভু, মনোযোগ কর ও কর্ম্ম কর' (দানিয়েল ৯:১৯)। ঈশ্বর দানিয়েলের প্রার্থনা শ্রবণ করেছিলেন এবং তাঁকে "মহাপ্রীতি-পাত্র" (দানিয়েল ১০:১৯) বলে সম্মোধন করেছিলেন। ক্রুশের উপরে খ্রীষ্টের পরিত্রাণের কার্য্যের বিষয় বিশ্বাস দ্বারা আপনি ও আমি ঈশ্বরের প্রেমময় সন্তান হয়েছি। সুতরাং, আমরাও আত্মবিশ্বাস সহকারে প্রার্থনা করতে পারি।

**১৬. নাইজেরিয়ার জন্য প্রার্থনা –** খ্রীষ্টবিশ্বাসীদের জন্য নাইজেরিয়া হচ্ছে পৃথিবীতে সব থেকে বিপদজনক স্থান। 'ওপেন ডোর' নামক একটি সংস্থা, যারা নির্যাতন সম্বন্ধে তথ্য সংগ্রহ করে, বলেছে যে প্রতি বছর সারা পৃথিবীতে মিলিত ভাবে তাদের বিশ্বাসের জন্য যত খ্রীষ্টানদের হত্যা করা হয়, তার থেকে বেশি করা হয় নাইজিরিয়াতে। নির্যাতিত মণ্ডলীগুলির জন্য প্রার্থনা করুন যাতে অন্তরে তারা ঈশ্বরের শক্তিকে অনুভব করতে পারে।

**১৭. বিশ্বাসের যোদ্ধা –** ঈশ্বর এমন পুরুষদের অন্বেষণ করছেন যাদের তিনি তাঁর ইচ্ছা অনুসারে রূপান্তরিত করতে পারেন – যে পুরুষেরা বিশ্বাসের যোদ্ধায় পরিণত হতে আগ্রহী ও ইচ্ছুক। প্রার্থনা করুন যে তিনি আপনাকে আপনার ভিতর থেকে পরিবর্তন করেন। (২করিন্থীয় ৩:১৮)

**১৮. ঈশ্বরীয় চরিত্র –** যীশু খ্রীষ্ট তাঁর নিজের জীবন দিয়ে আমাদের পাপ থেকে উদ্ধার করেছেন। এখন তিনি আমাদের ভাবমূর্তি গঠন করতে আগ্রহী। প্রার্থনা করুন যেন খ্রীষ্টের মতো চরিত্র গঠন করতে তিনি আপনাকে সাহায্য করেন। (১করিন্থীয় ১১:১)

**১৯. পুনর্মিলন –** আপনার জীবন সম্বন্ধে যখন লোকে প্রশ্ন করে, তখন কি আপনি তাদের বলতে পারেন যে আপনি পুনর্মিলনের ব্যবসার সঙ্গে জড়িত আছেন? প্রার্থনা করুন যেন ঈশ্বর আপনাকে সুযোগ দেন যাতে আপনি লোকদের যীশুর দিকে নিয়ে যেতে পারেন এবং যখন সুযোগ আসে, তখন যেন সেই কাজ করার সাহস পান। (কলসীয় ৪:৩-৪)

**২০. বিচার করবেন না –** খ্রীষ্টে কোনো ভাই বা বোন যদি ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেন, তাহলে তৎক্ষণাৎ তাঁদের বিচার করবেন না। মনে রাখবেন যে, আপনারই মতো তাঁরাও মানুষ। প্রার্থনা করুন যেন ঈশ্বর আপনাকে সেই জ্ঞান দান করেন যাতে আপনি যীশুর মতো করে সেই পরিস্থিতির মোকাবিলা করতে পারেন। (মথি ৭:১)

**২১. ধন্যবাদ –** 'কোন বিষয়ে ভাবিত হইও না, কিন্তু সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাত কর।' (ফিলিপীয় ৪:৬)। আমাদের স্বর্গীয় পিতার প্রিয় সন্তান হিসাবে, আমরা তাঁকে সব কিছু জানাতে পারি আর আমরা নিশ্চিত হতে পারি যে তিনি সমস্ত কিছুর ভার নেবেন। আমরা যখন তাঁকে ধন্যবাদ দিই, তখন আমরা তাঁর প্রতি আমাদের আস্থা প্রকাশ করি।

**২২. প্রশংসা –** 'সমস্ত জাতি, সদাপ্রভুর প্রশংসা কর; সমস্ত লোকবৃন্দ, তাঁহার সঙ্কীর্ত্তন কর।' (গীতসংহিতা ১১৭:১)। আমরা যখন তাঁকে প্রশংসা করার জন্য ইচ্ছা প্রকাশ করি, তখন যাই হোক না কেন, তিনি আনন্দ ও নতুন দৃষ্টিভঙ্গি দিয়ে আমাদের হৃদয় পূর্ণ করেন। আমাদের এমন একটি প্রত্যাশা আছে যা জগতের অজ্ঞাত। যাঁরা ঈশ্বরের উপরে নির্ভর করেন তাঁদের তিনি যত্ন নেন।

**২৩. অঙ্গীকার –** 'কেননা আমাদের উপরে তাঁহার দয়া মহৎ, ও সদাপ্রভুর সত্য অনন্তকালস্থায়ী। তোমরা সদাপ্রভুর প্রশংসা কর।'(গীতসংহিতা ১১৭:২)। প্রভুতে আমাদের আনন্দ থেকে, সমস্ত মানুষের কাছে প্রেম, ক্ষমা, এবং যীশুতে প্রত্যাশার ইচ্ছা পূর্ণ করার অঙ্গীকার গড়ে ওঠে।

**২৪. সম্পদ –** 'তোমরা পৃথিবীতে আপনাদের জন্য ধন সঞ্চয় করিও না; এখানে ত কীটে ও মর্চ্চ্যায় ক্ষয় করে, এবং এখানে চোরে সিঁধ কাটিয়া চুরি করে।'(মথি ৬:১৯)। আমরা ঈশ্বরের কাজে যা কিছু বিনিয়োগ করি, সেটা সময় হোক, প্রচেষ্টা হোক কিংবা অর্থ হোক, সেগুলি একটি আশীর্বাদে পরিণত হয় এবং আমাদের সত্যিকারের ধনী করে দেয়। আপনি কি অনন্তকালীন সম্পদে বিনিয়োগ করেছেন?

**২৫. পুরুষ মানুষ হন –** 'কারণ আমরা তাঁহারই রচনা.....' (ইফিষীয় ২:১০ক)। শারীরিক ভাবে আপনি যদি একজন পুরুষ হয়ে জন্মগ্রহণ করেন, তাহলে আপনার বিষয়ে ঈশ্বরের পরিকল্পনা স্বীকার করুন, এমনকি আপনি যদি রুক্ষ এবং কঠিন না হয়ে সংবেদনশীল ও স্নেহশীল হন তাও। তিনি আপনাকে এমন একজন পুরুষ মানুষ হিসাবে তৈরি করতে চান যিনি অন্যদের জন্য আশীর্বাদস্বরূপ হবেন।

**২৬. আলোচনার যোগ্য –** 'অবশেষে, হে ভ্রাতৃগণ, যাহা যাহা সত্য, যাহা যাহা আদরণীয়, যাহা যাহা ন্যায্য, যাহা যাহা বিশুদ্ধ, যাহা যাহা প্রীতিজনক, যাহা যাহা সুখ্যাতিযুক্ত, যে কোন সদ্‌গুণ ও যে কোন কীর্ত্তি হউক, সেই সকল আলোচনা কর।'(ফিলিপীয় ৪:৮)। অতিরিক্ত তথ্যের উপর ভিত্তি করে জীবনযাপন করবেন না। প্রভুর উপর এবং তাঁর মূল্যবোধের উপর লক্ষ্য স্থির রাখুন।

**২৭. একটি ভিন্ন পথ –** 'পরজাতীয়দের অধিপতিরা তাহাদের উপরে প্রভুত্ব করে....তোমাদের মধ্যে সেরূপ হইবে না; কিন্তু তোমাদের মধ্যে যে কেহ মহান্ হইতে চায়, সে তোমাদের পরিচারক হইবে'(মথি ২০:২৫-২৬)। ভুলে যাবেন না যে ঈশ্বরের রাজ্য এই জগতের জন্য নয়। এমন একজন মানুষ হন, যিনি অন্যদের সেবা করেন, এবং খুব ভালো ভাবে তাঁর পরিত্রাতার প্রতিনিধিত্ব করেন, তাঁর প্রভুর জন্য জীবনযাপন করেন।

**২৮. অভ্যন্তরীণ দ্বন্দ্ব –** 'তোমাদের অঙ্গ প্রত্যঙ্গে যে সকল সুখাভিলাষ যুদ্ধ করে, সে সকল হইতে কি নয়?' (যাকোব ৪:১)। পুরুষেরা, উত্তম যুদ্ধে প্রানপণ করার জন্য প্রস্তুত হন। 'কারণ...যদি আত্মাতে দেহের ক্রিয়া সকল মৃত্যুসাৎ কর, তবে জীবিত থাকিবে।' (রোমীয় ৮:১৩খ)।

**২৯. ব্যাকুল হয়েও না –** 'কিন্তু তোমরা যখন যুদ্ধের কথা ও যুদ্ধের জনরব শুনিবে, তখন ব্যাকুল হইও না' (মার্ক ১৩:৭)। ঈশ্বরের লোক হিসাবে আমরা জানি যে পরিশেষে আমাদের প্রভু বিজয়ী হবেন। তিনি আমাদের সঙ্কটগুলিকে স্বীকৃতি দেন, কিন্তু তিনি তাঁর উপরে আমাদের লক্ষ্য স্থির রাখতে বলেন। 'জগতে তোমরা ক্লেশ পাইতেছ; কিন্তু সাহস কর, আমিই জগৎকে জয় করিয়াছি।' (যোহন ১৬:৩৩)।

**৩০. ঈশ্বরের যুদ্ধসজ্জা –** 'ঈশ্বরের সমগ্র যুদ্ধসজ্জা পরিধান কর, যেন দিয়াবলের নানাবিধ চাতুরীর সম্মুখে দাঁড়াইতে পার।' (ইফিষীয় ৬:১১)। এমন একজন পুরুষ মানুষ হন যিনি অব্যবহিতে হারিয়ে না যান। ঈশ্বরের রাজ্যে আপনার স্থান গ্রহণ করুন। আমরা একটা আত্মিক যুদ্ধের মধ্যে আছি। শাস্ত্রের সত্যতার বাধ্য হন এবং পবিত্র আত্মাকে আপনাকে প্রস্তুত করে তুলতে এবং ব্যবহার করতে দিন।

**৩১. শেষ কথা –** 'আমি আল্‌ফা এবং ওমিগা, প্রথম ও শেষ, আদি এবং অন্ত।' (প্রকাশিত বাক্য ২২:১৩)। জগতের শাসনকর্তারা আসে যায়। কেবল আমাদের প্রভু যীশু খ্রীষ্ট, পরিত্রাতা, অবিচল এবং অনন্তকালস্থায়ী। সুসমাচার প্রচার করুন। আপনার জীবনে তাঁকে প্রথম স্থান দিন। তাঁর প্রসংসা গাইবার জন্য নিজের হৃদয়কে প্রস্তুত করুন।